

## 💵 শু'আবুল ঈমান (ঈমানের শাখাসমূহ)

বিভাগ/অধ্যায়ঃ ঈমানের শাখাসমূহ রচয়িতা/সঙ্কলকঃ ইমাম বাইহাকী

শাখা-৬৪. জানাযা ও দাফন কাফনে অংশগ্রহণ করা।

আবু হুরাইরা (রাঃ) কর্তৃক বর্ণিত হাদীসে বলা হয়েছে, নবী করীম (সা.) বলেছেনঃ

حَقُّ الْمُسْلِمِ خَمْسٌ : رَدُّ السَّلَامِ وَعِيَادَةُ الْمَرْضَى وَتَشْمِيتُ الْعَاطِسِ وَاتِّبَاعُ الْجَنَائِزِ وَإِجَابَةُ الدَّعْوَةِ এক মুসলিমের উপর আরেক মুসলিমের পাঁচটি হক (অধিকার) রয়েছে, সালামের জবাব দেয়া, রোগী দেখতে যাওয়া, হাঁচিদাতার হাঁচির দু'আর জবাব দেয়া, জানাযার সাথে চলা এবং দাওয়াত কবুল করা।[১] ছাওবান (রাঃ) কর্তৃক বর্ণিত হাদীসে বলা হয়েছে, আল্লাহর রাসূল (সা.) বলেছেন,

من صلى على جنازة فله قيراط ومن شهد دفنها فله قيراطان \_ القيراط مثل احد যে ব্যক্তি জানাযার নামায়ে অংশগ্রহণ করবে তার জন্য এক কীরাত আর যে দাফনেও শরীক হবে তার জন্য দুই কীরাত। এক কীরাত (নেকী) উহুদ পাহাড় সমতুল্য।[২]

## ফুটনোট

- [১]. সহীহ্ আল বুখারী; সহীহ মুসলিম।
- [২]. সহীহ মুসলিম।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12362

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন